



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ

টেলিফোন : ৯৫৫৮১০৯, ৯৫৬৫৮৮৮

ওয়েব পেজ : www.krishibank.org.bd

ই-মেইল : dgmfrmd@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১২/২০১৮

তারিখ : ০৪.০৪.১৪২৫ বঙ্গাব্দ
১৯.০৭.২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয় : ২০১৮-২০১৯ অর্থ বছরে বৈদেশিক রেমিট্যান্স এর (BEFTN / RTGS ব্যতিত) অঞ্চলগোয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।

বাংলাদেশের অর্থনীতি এবং কেন্দ্রীয় ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভ গঠনে ফরেন রেমিট্যান্স গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ব্যাংকের বৈদেশিক বিনিময় ব্যবসা ও আয় বৃদ্ধিতেও ইহার ভূমিকা অপরিণীম। ব্যাংকগুলোর মধ্যে ফরেন রেমিট্যান্স সংগ্রহে তীব্র প্রতিযোগিতা অব্যাহত থাকার প্রেক্ষাপটে দ্রুত প্রবৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন কোম্পানীর সঙ্গে চুক্তি সম্পাদন প্রক্রিয়াও অব্যাহত আছে। গ্রাহক চাহিদার প্রতি লক্ষ্য রেখে Spot Cash কোম্পানীর সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে। বর্তমানে Western Union, Xpress Money, RIA Money, Transfast, Merchantrade, Prabhu Money, CBL Money Transfer, Cash Express, NBL(Malaysia), NBL(Singapore) ও Max Money নামীয় ১২ টি কোম্পানীর সঙ্গে Spot Cash রেমিট্যান্স ব্যবসা চলমান। নতুন কিছু Spot Cash কোম্পানীর সঙ্গে চুক্তি সম্পাদনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। ইতোমধ্যে ফরেন রেমিট্যান্স Automation Software টিতে কিছু পরিবর্তন করা হয়েছে যার ফলে ১ (এক) পাতায় স্থানান্তর ডাউটার ও ক্রেডিট এডভাইস একসঙ্গে ১ ক্লিকে প্রিন্ট করা যাচ্ছে, ফলে দ্রুততার সাথে গ্রাহকের হিসাবে রেমিট্যান্স জমা হচ্ছে। রপ্তানী ও রেমিট্যান্স খাতে আহরিত বৈদেশিক মুদ্রা থেকে আমদানী বাণিজ্যে বৈদেশিক মুদ্রা যোগান দেওয়া, এক্সচেঞ্জ গেইন এবং কোম্পানী থেকে রেমিট্যান্স প্রতি কমিশন পাওয়া যায়। ফলে যত বেশি ফরেন রেমিট্যান্স সংগ্রহ করা যাবে ব্যাংকের আর্থিক অবস্থা তত বেশী সুদৃঢ় হবে। প্রবাসীদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা ব্যাংকিং চ্যানেলে দেশে আনার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ফরেন রেমিট্যান্স সংগ্রহের ব্যাপারে আরও কার্যকর ও দৃঢ় ভূমিকা পালনের জন্য ব্যাংকগুলোকে নির্দেশ প্রদান করেছে। বিগত বছর গুলির সাফল্য ও ব্যর্থতা পর্যালোচনা করে ২০০০.০০ (দুই হাজার) কোটি টাকার সমমান বৈদেশিক রেমিট্যান্স সংগ্রহের মাধ্যমে ব্যাংকের মুনাফা অর্জনে সহায়ক ভূমিকা পালনের লক্ষ্যে ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য রেমিট্যান্স সংগ্রহের অঞ্চলগোয়ারী লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে নির্ধারণ করে দেয়া হলো :

২০১৮-২০১৯ অর্থ বছরে অঞ্চলগোয়ারী ফরেন রেমিট্যান্স (BEFTN / RTGS ব্যতিত) সংগ্রহের লক্ষ্যমাত্রা

ক্রমিক নং	অঞ্চলের নাম	বার্ষিক লক্ষ্যমাত্রা (কোটি টাকায়)	ক্রমিক নং	অঞ্চলের নাম	বার্ষিক লক্ষ্যমাত্রা (কোটি টাকায়)	ক্রমিক নং	অঞ্চলের নাম	বার্ষিক লক্ষ্যমাত্রা (কোটি টাকায়)
০১.	ঢাকা মুখ্য অঞ্চল	৫৫.০০	২৩.	রাঙ্গামাটি অঞ্চল	২০.০০	৪৪.	মুলনা কর্পোরেট শাখা	১.০০
০২.	মানিকগঞ্জ মুখ্য অঞ্চল	৫০.০০	২৪.	খান্দারবান অঞ্চল	২.০০	৪৫.	মোট খুলনা বিভাগ :	১২১.০০
০৩.	গাজীপুর মুখ্য অঞ্চল	৬৫.০০	২৫.	চট্টগ্রাম কর্পোরেট শাখা	১.০০	৪৬.	কুষ্টিয়া মুখ্য অঞ্চল	৫০.০০
০৪.	নারায়নগঞ্জ মুখ্য অঞ্চল	২৫.০০	২৬.	আম্রাবাদ কর্পোরেট শাখা	৪.০০	৪৭.	ঝিনাইদহ মুখ্য অঞ্চল	৩০.০০
০৫.	মুন্সিগঞ্জ মুখ্য অঞ্চল	৬০.০০	২৭.	মোট চট্টগ্রাম বিভাগ :	১২৭.০০	৪৮.	নাগরা মুখ্য অঞ্চল	৩০.০০
০৬.	নরসিংদী মুখ্য অঞ্চল	৬০.০০	২৮.	কুমিল্লা মুখ্য অঞ্চল	১০০.০০	৪৯.	চুয়াডাঙ্গা মুখ্য অঞ্চল	২৫.০০
০৭.	টাংগাইল মুখ্য অঞ্চল(দক্ষিণ)	৮০.০০	২৯.	লাকসাম অঞ্চল	৮০.০০	৫০.	মেহেরপুর অঞ্চল	২৫.০০
০৮.	টাংগাইল মুখ্য অঞ্চল(উত্তর)	৫০.০০	৩০.	গদপুর মুখ্য অঞ্চল	৪০.০০	৫১.	মোট কুষ্টিয়া বিভাগ :	১৬০.০০
০৯.	ফারওয়ান বাজার কর্পোরেট শাখা	১.০০	৩১.	ব-বাড়িয়া মুখ্য অঞ্চল	৯০.০০	৫২.	বরিশাল মুখ্য অঞ্চল	৪০.০০
১০.	বনানী কর্পোরেট শাখা	১.০০	৩২.	ফেনী মুখ্য অঞ্চল	৪০.০০	৫৩.	পিরোজপুর মুখ্য অঞ্চল	২৫.০০
১১.	নারায়নগঞ্জ কর্পোরেট শাখা	৩.০০	৩৩.	নোয়াখালী মুখ্য অঞ্চল	৩০.০০	৫৪.	পটুয়াখালী মুখ্য অঞ্চল	১২.০০
	মোট ঢাকা বিভাগ :	৪৫০.০০	৩৪.	লাকসাম মুখ্য অঞ্চল	২০.০০	৫৫.	ভোলা মুখ্য অঞ্চল	১২.০০
১২.	ময়মনসিংহ মুখ্য অঞ্চল(দক্ষিণ)	৫০.০০	৩৫.	মোট কুমিল্লা বিভাগ :	৪০০.০০	৫৬.	মরচনা মুখ্য অঞ্চল	১৮.০০
১৩.	ময়মনসিংহ মুখ্য অঞ্চল(উত্তর)	১৫.০০	৩৬.	সিলেট মুখ্য অঞ্চল	৫৫.০০	৫৭.	মালকাঠি মুখ্য অঞ্চল	৮.০০
১৪.	জামালপুর মুখ্য অঞ্চল	৪০.০০	৩৭.	সুনামগঞ্জ মুখ্য অঞ্চল	৫০.০০	৫৮.	মোট বরিশাল বিভাগ :	১১৫.০০
১৫.	শেরপুর মুখ্য অঞ্চল	১৫.০০	৩৮.	মৌলভীবাজার মুখ্য অঞ্চল	২৫.০০	৫৯.	ফরিদপুর মুখ্য অঞ্চল	৮০.০০
১৬.	কিশোরগঞ্জ মুখ্য অঞ্চল	৬০.০০	৩৯.	হবিগঞ্জ মুখ্য অঞ্চল	২৫.০০	৬০.	রাজবাড়ী মুখ্য অঞ্চল	৫০.০০
১৭.	নেত্রকোনা মুখ্য অঞ্চল	২০.০০	৪০.	সিলেট কর্পোরেট শাখা	২.০০	৬১.	মানসিংগার মুখ্য অঞ্চল	৫০.০০
	মোট ময়মনসিংহ বিভাগ :	২০০.০০	৪১.	মোট সিলেট বিভাগ :	১৫৭.০০	৬২.	গোপালগঞ্জ মুখ্য অঞ্চল	২০.০০
১৮.	চট্টগ্রাম মুখ্য অঞ্চল(পশ্চিম)	২৫.০০	৪২.	মুলনা মুখ্য অঞ্চল	১৫.০০	৬৩.	শরিয়তপুর মুখ্য অঞ্চল	৩৫.০০
১৯.	কক্সবাজার মুখ্য অঞ্চল	২৫.০০	৪৩.	রাণেশ্বর মুখ্য অঞ্চল	১০.০০	৬৪.	মোট ফরিদপুর বিভাগ :	২৩৫.০০
২০.	চট্টগ্রাম মুখ্য অঞ্চল(পূর্ব)	২০.০০	৪৪.	সাতক্ষীরা মুখ্য অঞ্চল	৪৫.০০	৬৫.	হানীয়া মুখ্য কার্যালয়, ঢাকা	৩৫.০০
২১.	পটিয়া অঞ্চল	২০.০০	৪৫.	রাণেশ্বর মুখ্য অঞ্চল	৩০.০০		সর্বমোট :	২০০০.০০
২২.	রাংগামাটি অঞ্চল	১০.০০	৪৬.	নড়াইল অঞ্চল	২০.০০			

০২। বৈদেশিক রেমিট্যান্স এর লক্ষ্যমাত্রাকে ন্যূনতম হিসাবে বিবেচনা করে তা অর্জনে সর্বাঙ্গিক প্রচেষ্টাসহ নিম্নোক্ত কার্যব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো:

(ক) বিভাগীয় কার্যালয়সমূহের করণীয় :

- (১) নিয়মিত মনিটরিং করবেন এবং সাপ্তাহিক ভিত্তিতে অঞ্চল ও কর্পোরেট শাখাগুলোর লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের তথ্য অত্র বিভাগে প্রেরণ করবেন।
- (২) যে সকল শাখা Spot Cash রেমিট্যান্স প্রদানে অনীহা দেখাবে এবং আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হবে তাদের বিরুদ্ধে তাত্ক্ষনিক উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

(খ) মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয়ের করণীয় :

- (১) মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণ তাদের জন্য বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা তাদের আওতাধীন শাখাগুলোর অনুকূলে অত্র পরিপত্র প্রাপ্তির সাথে সাথে বিগত বছরের অর্জনের ভিত্তিতে বন্টন করে দিবেন এবং বিভাগীয় কার্যালয় ও অত্র বিভাগকে অবহিত করবেন।
- (২) সাপ্তাহিক ভিত্তিতে মনিটরিং করবেন এবং বিভাগীয় কার্যালয়ে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের তথ্য সম্বলিত বিবরণী প্রেরণ করবেন। উল্লেখ্য যে, বিবরণীর কোন হার্ডকপি প্রধান কার্যালয়ে প্রেরণের প্রয়োজন নেই।
- (৩) অত্র বিভাগের ডিএমডি-২ পরিপত্র নং-১৩/২০১৪ তারিখ ২৬.০১.২০১৪ এ প্রদত্ত নির্দেশনা মোতাবেক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে কর্মরত রেমিট্যান্স কর্মকর্তাকে দৈনিক ভিত্তিতে যে সকল শাখা Automation Software থেকে রেমিট্যান্স এ্যাডভাইস ডাউনলোড / প্রিন্ট করতে অপারগ হবে সে সকল শাখার রেমিট্যান্স পেমেন্ট এর বিষয়টি নিশ্চিত করতে হবে এবং কাষ্টমার সার্ভিস সেন্টার কর্মকর্তা শাখাসমূহকে সহযোগিতা করবেন।
- (৪) অঞ্চলের রেমিট্যান্স কর্মকর্তা এবং প্রত্যেক শাখার ব্যবস্থাপক, ২য় কর্মকর্তা ও রেমিট্যান্স কর্মকর্তার নাম, পদবী ও ব্যক্তিগত মোবাইল ফোন নম্বর অত্র বিভাগে প্রেরণ করতে হবে।
- (৫) প্রত্যেক শাখার কম্পিউটার, প্রিন্টার, ইউপিএস, ইন্টারনেট মডেম এবং ফিক্সড মোবাইল ফোন সচল রাখার ব্যাপারে নিয়মিত সাপোর্ট দিবেন।
- (৬) স্পট ক্যাশ ও অন্যান্য এক্সচেঞ্জ হাউজ কোম্পানীর নাম ও কার্যক্রম উল্লেখ করে লিফলেট ছাপিয়ে স্ব স্ব অধীনস্থ শাখার মাধ্যমে জনগণের মধ্যে বিতরণের ব্যবস্থা করবেন।

(সমমান পাতা-০২)

(গ) শাখাসমূহের করণীয় :

- (১) নতুন নতুন গ্রাহক সংগ্রহ, গ্রাহকের সঙ্গে ভাল ব্যবহার এবং তাৎক্ষণিক বৈদেশিক রেমিট্যান্স প্রদানের মাধ্যমে প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।
- (২) যষ্ঠকর্মীদের মাধ্যমে এলাকার প্রবাসীদের এবং বেনিফিশিয়ারীর নাম, ঠিকানা ও মোবাইল নম্বর সংগ্রহ করে রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।
- (৩) Automation Software থেকে প্রতিদিনের রেমিট্যান্স ডাউনলোড/প্রিন্ট করে অথবা আঞ্চলিক কার্যালয় থেকে সংগ্রহ করে ঐ দিনই গ্রাহকের হিসাবে জমা করতে হবে। কোন অবস্থাতেই রেমিট্যান্স Pending রাখা যাবে না।
- (৪) জাল-জালিয়াতি রোধকল্পে ৫০,০০০/- টাকা ও তদুর্ধ্ব রেমিট্যান্স হিসাবভুক্তির প্রাক্কালে অত্র বিভাগের সংশ্লিষ্ট কোম্পানীর ডিলিং অফিসারকে ফোন করে উহার সঠিকতা যাচাই করে নিতে হবে। একই হিসাবে একই দিনে একাধিক রেমিট্যান্স অথবা একই হিসাবে পর পর রেমিট্যান্স আসতে থাকলে অত্র বিভাগে ফোন করে উহা যাচাই করে নিতে হবে।
- (৫) Spot Cash রেমিট্যান্স পেমেণ্ট দেয়ার প্রাক্কালে বেনিফিশিয়ারীর পূর্ণাঙ্গ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর ভালোভাবে যাচাই করে নিতে হবে এবং গ্রাহকের মোবাইল নম্বরে একটি মিসড কল দিয়ে উহার সঠিকতা নিশ্চিত করতে হবে। ছবিযুক্ত Valid ID কার্ডের স্বাক্ষরের সঙ্গে TRM ফরমে নেয়া স্বাক্ষরের মিল থাকতে হবে। Transaction Details এ কোন তথ্য অসম্পূর্ণ থাকলে কোনভাবেই পেমেণ্ট দেয়া যাবে না এবং কোনক্রমেই পেমেণ্টের পর Branch Suspense Account ০৩ (তিন) দিনের বেশী অসমর্থিত রাখা যাবে না। প্রতিটি শাখা প্রতি কর্মদিবস শেষে স্ব স্ব Spot Cash কোম্পানীর সফটওয়্যার / ওয়েবসাইট এর Report অপশন থেকে প্রতিদিনের প্রদানকৃত Spot Cash রেমিট্যান্স পেমেণ্টের Report দেখে পেমেণ্টসমূহ কার্যকর হলো কি-না তা যাচাই করবেন।
- (৬) অত্র বিভাগের পত্র নং-প্রকা/এফআরএমডি-১০(১)/বিবিধ(অংশ-৩)/২০১৫-২০১৬/১২৩৬ তারিখ ০২.০৮.২০১৫ দ্বারা নিষেধ করা স্বত্বেও কতিপয় শাখা বৈদেশিক রেমিট্যান্সের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের তথ্য সরবরাহের ক্ষেত্রে অত্র বিভাগ থেকে প্রাপ্ত রেমিট্যান্সের সাথে স্থানীয় মুখ্য কার্যালয় হতে প্রাপ্ত (মেইন ব্রাঙ্কের মাধ্যমে) BEFTN / BACH / RTGS এর রেমিট্যান্সকে অন্তর্ভুক্ত করা যাবে না। শাখাকে শুধুমাত্র অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে প্রাপ্ত (১১১১ হেড) রেমিট্যান্স কে-ই লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন হিসাবে দেখাতে পরামর্শ দেয়া যেতে পারে। ইহার ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট শাখার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
- (৭) স্পট ক্যাশ কোম্পানীর সাইনবোর্ডগুলো শাখার মূল সাইনবোর্ডের পাশে অথবা নীচে একসঙ্গে পাশাপাশি লাগাতে হবে যাতে দৃষ্টিনন্দন হয়।


০৩। বৈদেশিক রেমিট্যান্স সংগ্রহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে সংশ্লিষ্ট সবাইকে বছরের শুরু থেকেই তৎপর ও সক্রিয় ভাবে কাজ করার জন্য করেন রেমিট্যান্সের নিম্নলিখিত কর্মকর্তাগণদের নামের পার্শ্বে বর্ণিত মুখ্য অঞ্চল / কর্পোরেট শাখা / অঞ্চলসমূহের সত্তাহ ভিত্তিক মনিটরিং দায়িত্ব দেয়া হলো :

বিভিন্ন মুখ্য অঞ্চল/ অঞ্চল / কর্পোরেট শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার তালিকা

নং	নাম ও পদবী	মোবাইল নম্বর	দায়িত্ব প্রাপ্ত মুখ্য অঞ্চল অঞ্চলের নাম
১.	মোস্তাফিজুর রহমান মিল্লা উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	01816-205473	ঢাকা মুখ্য অঞ্চল, মানিকগঞ্জ মুখ্য অঞ্চল, নারায়নগঞ্জ মুখ্য অঞ্চল, মুন্সিগঞ্জ মুখ্য অঞ্চল, নরসিংদী মুখ্য অঞ্চল, ফেনী মুখ্য অঞ্চল।
২.	বুরশিদ আলম উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	01913-846519	গাজীপুর মুখ্য অঞ্চল, বি-বাড়ীয়া মুখ্য অঞ্চল, টাংগাইল মুখ্য অঞ্চল(দক্ষিণ), টাংগাইল মুখ্য অঞ্চল(উত্তর), নোয়াখালী মুখ্য অঞ্চল, লক্ষীপুর মুখ্য অঞ্চল।
৩.	সোহেল ইমাম মামুন মুখ্য কর্মকর্তা	01922-007887	ময়মনসিংহ মুখ্য অঞ্চল(দক্ষিণ), ময়মনসিংহ মুখ্য অঞ্চল(উত্তর), কিশোরগঞ্জ মুখ্য অঞ্চল, নেত্রকোনা মুখ্য অঞ্চল, চট্টগ্রাম মুখ্য অঞ্চল(পশ্চিম), সিলেট মুখ্য অঞ্চল।
৪.	মোহাম্মদ জাহেদ মুখ্য কর্মকর্তা	01913-583538	স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা, কাওরান বাজার কর্পো: শাখা, বনানী কর্পো: শাখা, নারায়নগঞ্জ কর্পো: শাখা, চট্টগ্রাম কর্পো: শাখা, আশাবাদ কর্পো: শাখা, সিলেট কর্পো: শাখা, বুলনা কর্পো: শাখা।
৫.	জাহানারা রায়হানুল ফেরদৌসী মুখ্য কর্মকর্তা	01675-915262	রাংগামাটি অঞ্চল, খাগড়াছড়ি অঞ্চল, বান্দরবান অঞ্চল, শেরপুর মুখ্য অঞ্চল।
৬.	মোঃ সাইফুল ইসলাম মুখ্য কর্মকর্তা	01857-235720	কুমিল্লা মুখ্য অঞ্চল, লাকসাম অঞ্চল, চাঁদপুর মুখ্য অঞ্চল, মৌলভীবাজার মুখ্য অঞ্চল, কক্সবাজার মুখ্য অঞ্চল, চট্টগ্রাম মুখ্য অঞ্চল(পূর্ব)।
৭.	নাদিরা বেগম উর্ধ্বতন কর্মকর্তা	01716-013995	নড়াইল অঞ্চল, চুয়াডাঙ্গা অঞ্চল।
৮.	রমা রানী দত্ত উর্ধ্বতন কর্মকর্তা	01727-582272	সাতক্ষীরা মুখ্য অঞ্চল, যশোর মুখ্য অঞ্চল, মাদারীপুর মুখ্য অঞ্চল।
৯.	জিনিয়া জেরিন উর্ধ্বতন কর্মকর্তা	01717-485844	কুষ্টিয়া মুখ্য অঞ্চল, ঝিনাইদহ মুখ্য অঞ্চল, শরিয়তপুর মুখ্য অঞ্চল।
১০.	শেফালী রানী পাল উর্ধ্বতন কর্মকর্তা	01689-623653	মাগুরা মুখ্য অঞ্চল, বরিশাল মুখ্য অঞ্চল, গোপালগঞ্জ মুখ্য অঞ্চল।
১১.	খাদিজা পারভীন কর্মকর্তা	01622-723939	মেহেরপুর অঞ্চল, গিরোজপুর মুখ্য অঞ্চল।
১২.	তন্ময়া রানী মজুমদার কর্মকর্তা	01780-180067	ফরিদপুর মুখ্য অঞ্চল, রাজবাড়ী মুখ্য অঞ্চল।
১৩.	মোহাম্মদ নজরুল ইসলাম কর্মকর্তা	01717-113006	হবিগঞ্জ মুখ্য অঞ্চল, বুলনা মুখ্য অঞ্চল, বাগেরহাট মুখ্য অঞ্চল, জামালপুর মুখ্য অঞ্চল।
১৪.	ছালমা আক্তার কর্মকর্তা	01811-265879	পটুয়াখালী মুখ্য অঞ্চল, ভোলা মুখ্য অঞ্চল, পটিয়া অঞ্চল।
১৫.	কুহিনুর আক্তার কর্মকর্তা	01724-810978	বরগুনা মুখ্য অঞ্চল, ঝালকাঠি মুখ্য অঞ্চল, সুনামগঞ্জ মুখ্য অঞ্চল।

০৪। স্পট ক্যাশ রেমিট্যান্স পেমেণ্টে সতর্কতা অবলম্বন বিষয়ক অত্র বিভাগের পত্র নং-এফআরএমডি/বিবিধ-১০(১)/২০১৫-২০১৬/২৩৮৪ তারিখ ০৭.০৪.২০১৬ এ বর্ণিত সকল নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে কঠোরভাবে মেনে চলার পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে,




(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১২/২০১৮

তারিখ : ০৪.০৪.১৪২৫ বঙ্গাব্দ
১৯.০৭.২০১৮ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (ই-মেইলে) করা হলো :

- (০১) চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- (০২) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- (০৩) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/বিকেবি, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক
- (০৪) সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ-কে পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- (০৫) সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- (০৬) সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- (০৭) সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- (০৮) সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
- (০৯) সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক। (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে হার্ডকপি প্রেরণ)
- (১০) নথি/মহানথি।



(মোঃ আশরাফ হোসেন)
উপ-মহাব্যবস্থাপক